

## NEWS UNIT

## REGIONAL

ALL INDIA RADIO, AGARTALA

Date:19-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

PM-Brazil :

১৯তম G-20 শীর্ষ সম্মেলনের প্রথম প্লেনারী সেশনে বিশ্বব্যাপী দুর্ভিক্ষ ও দারিদ্রতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ লড়াইয়ের আহ্বান জানানো হয়েছে। ব্রাজিলের প্রধানমন্ত্রী লুইস ইনানসিয়া লুয়া দে সিলভা সম্মেলনে বিভিন্ন রাষ্ট্র প্রধানদের সামনে এই আহ্বান রাখেন।

গতকাল ব্রাজিলের রিও ডি জেনেরিওতে আধুনিক শিল্প জাদুঘরে শুরু হয়েছে। শীর্ষ সম্মেলন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে রিওতে পৌঁছোলে প্রবাসী ভারতীয়রা সংস্কৃত শ্লোক মন্তোচারণ করে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান।

ব্রাজিলে G-20 বৈঠকে যোগ দেওয়ার পর গায়ানা সফরে যাবেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। সে দেশের প্রেসিডেন্ট মহম্মদ ইরফান আলির আমন্ত্রণেই গায়ানা সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী।

\*\*\*\*\*

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরায় পর্যটনের শিল্প বিকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। গতকাল আগরতলার শিবনগরে গেদুমিয়াঁ মসজিদ পরিদর্শনকালে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, রাজ্যে অনেকগুলি পুরনো ও ঐতিহাসিক সৌধ রয়েছে।

গেদু মিঞা মসজিদও একটি ঐতিহাসিক সৌধ। মসজিদটি খুবই সুন্দর এবং একটি পর্যটনকেন্দ্রও। গেদু মিঞা মসজিদ কমিটির সভাপতি মহম্মদ সালিম মিঞা, সচিব মহম্মদ অনু মিঞা এই মসজিদের ইতিহাস সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। পরিদর্শনের সময় রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মহম্মদ মবশ্বর আলি, সংখ্যালঘু উন্নয়ন নিগমের চেয়ারম্যান মহম্মদ জসিমউদ্দীন, গেদুমিঞা মসজিদের মৌলানা।

\*\*\*\*\*

**Ratanlal Nath - Nagicherra :**

কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রীর পৌরোহিত্যে গতকাল নাগিছড়ায় হটিকালচারাল রিসার্চ সেন্টারে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন দপ্তরের সচিব অপূর্ব রায়, অধিকর্তা ডঃ পি বি জমাতিয়া সহ প্রতিটি জেলা থেকে উপ অধিকর্তাগণ ও কৃষি বিজ্ঞানীরা। সভায় দপ্তরের কর্মপদ্ধতি এবং তার পাশাপাশি রাজ্যে উদ্যানজাত ফলনের উন্নয়ন কিভাবে সম্ভব এবিষয়ে পর্যালোচনা করা হয়। কৃষিমন্ত্রী বলেন দপ্তরের যে লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে তার পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব হলে উদ্যানজাত ফলনে ত্রিপুরা এক নতুন দিক সূচিত করবে। পরে তিনি বাধারঘাট উদ্যান ও বাগিচা কেন্দ্রটি পরিদর্শনে যান।

\*\*\*\*\*

**Gurukul :**

গুরুকুল সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে আগামী ২৩শে নভেম্বর আগরতলা রবীন্দ্রভবনে শাস্ত্রীয় সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলা প্রেসক্লাবের সাংবাদিক

সম্মেলনে গতকাল একথা জানিয়েছেন সংস্থার সম্পাদক সুমন ঘোষ। তেইশ নভেম্বরের শাস্ত্রীয় সংগীত সন্ধ্যায় কলকাতা ও ত্রিপুরার শিল্পীরা অংশগ্রহণ করবেন। এছাড়া এ বছর দুটি বিভাগে পন্ডিত কিষান মহারাজ সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিযোগিতায় থাকছে তবলা বাদ্য ও শাস্ত্রীয় সংগীত।

\*\*\*\*\*

#### **Protest - Stipend :**

স্কলারশিপ প্রদানের দাবিতে গতকাল জনজাতি কল্যাণ দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছে জনজাতি ছাত্র ছাত্রীরা। অবিলম্বে ছাত্রীদের স্টাইপেন্ড প্রদান করা না হলে আগামীদিনে ধর্গায় বসবেন বলে তারা জানান।

এদিকে, চলতি বছরের ডিসেম্বরের প্রথম সপ্তাহের মধ্যেই তাদের প্রথম সেমিস্টার পরীক্ষার ফি জমা দেওয়ার জন্য কলেজের পক্ষ থেকে বলা হয়েছে। এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের দাবি জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে  
আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ  
আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Santosh Trophy :**

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের  
তৃতীয় তথা শেষ রাউন্ডের খেলায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে  
আজ বিকাল ৪টায় ত্রিপুরা ও মণিপুর পরস্পরের মুখোমুখি হবে।  
এর আগে সকাল ৯টায় অপর খেলায় মিজোরাম ও সিকিম লড়াই  
করবে। বিকালে মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মনিক সাহা মাঠে  
উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা ছিল। আজ  
তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি  
সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা  
ছিল ১৬.৬ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*